**ALL INDIA SENIOR SCHOOL EXAMINATION**

**2023-2024**

# SAMPLE QUESTION PAPER
# SUBJECT- BENGALI (005)

# CLASS –X

# SESSION – 2023-2024

## TIME - 3 HOURS MAXIMUM MARKS - 80

**Code No. 005**

**General Instructions:**

**1.** The question paper contains **16** printed pages.

**2.** The question paper contains **16** questions.

**3**. The Question Paper is divided into **two** Parts

**PART – A** : Objective type paper (MCQ) : **25** Marks

**PART – B** : Descriptive paper: **55** Marks

**4. PART – A** has **three** sections : (MCQ)

**Section – A: Reading ( Unseen Comprehension): 12 Marks**

**Section – B: Grammar : 03 Marks**

**Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text : 10 Marks**

**PART- B** has **three** sections: ( Subjective)

**Section – B: Grammar : 15 Marks**

**Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text : 30 Marks**

**Section – D : Creative Writing : 10 Marks**

**--------------------------------------------------**

**Class – X (2023 – 2024)**

**Subject – Bengali (Code No. – 005)**

সময়- ৩ঘণ্টা সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

**PART – A** : Objective type Questions (MCQ) : **25** Marks

Section – A ( **Reading : Unseen Comprehension)**

1. **অনুচ্ছেদগুলি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো।** (1x4) x 3=12

**A.** হেয়ারডাল ব্যাঙ্কের চিঠি পেয়ে চোখে অন্ধকার দেখলেন, ব্যাঙ্ক জানিয়েছে তার আমানতে আর টাকা নেই। এ অবস্থায় নিউইয়র্কে থাকা তার পক্ষে অসম্ভব। মনে পড়ল ব্রুকলিনের সেই নরওয়েজিও নাবিক-গৃহটির কথা। মনে হওয়া মাত্রই তোরঙ্গ বিছানা গুছিয়ে হাজির হলেন সেই নাবিকদের আড্ডাখানায়। ঘর জুটল তিনতলায়,তবে তাকে খেতে হত নীচের খানাঘরে। এতে ভালোই হলো হেয়ারডালের। অনেক নাবিকের সঙ্গে আলাপ হলো , তারা নানা মেজাজের নানা আকারের হলেও এক জায়গায় এদের অত্যাশ্চর্য মিল—এরা সবাই সমুদ্রকে ভালোমতো চেনে। এদের থেকে অনেক তথ্য পেলেন তিনি। জানলেন, সমুদ্র গভীর হলেই ভয়ঙ্কর হয়না। ডাঙার কাছে সমুদ্র যত উত্তাল, যত অশান্ত, দূরে, বাহির সমুদ্রে ততটা নয়। উপকূলের কাছাকাছি থাকলে ঝড় তুফানে যত কাবু হতে হয়, সমুদ্রের মধ্যে থাকলে ততটা নাস্তানাবুদ হতে হয়না। নাবিকেরা আরও জানাল, সমুদ্রের বড় বড় ঢেউয়ের কাছে বড় জাহাজই বরং ভারী বলে কাত হয়ে পড়ে, কিন্তু ছোট ডিঙি হালকা বলে অনায়াসে ঢেউয়ের মাথায় চড়ে বসে। তবে ভেলার কথা কেউ তেমন বলতে পারল না। কারণ ভেলা শুধু আত্মরক্ষার কাজেই লাগে, নিরুপায় না হলে কেউ ভেলায় ভাসে না। ভেলায় করে কেউ কখনও গন্তব্যে পৌঁছেছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনেনি। তবে হেয়ারডাল জানেন, প্রাচীনকালে ভারতীয়রা পলিনেশীয়দের আদিপুরুষেরা ভেলা বাইতে জানত। তাদের ভেলায় মস্ত একটা হাল আর পেল্লায় একখানা চৌকো পাল থাকত।

i) আড্ডাখানায় বিভিন্ন ধরণের নাবিক থাকা সত্ত্বেও তাদের মধ্যে সাদৃশ্য ছিল কোন্ বিষয়ে ?

a.তারা সকলেই ছিল মূলত একই অঞ্চলের অধিবাসী।

b.তাদের সকলেই ঝানু প্রকৃতির ।

c.তারা সকলেই সমুদ্রকে অত্যন্ত ভালোভাবে চিনত।

d.তারা সকলেই নিতান্ত নিরুপায় হয়েই সমুদ্রে যেত।

ii) মন্তব্য : নিউইয়র্কে থাকা হেয়ারডালের কাছে অসম্ভব মনে হয়েছিল।

কারণ : (ক) নিউইয়র্কে থাকলে সমুদ্রযাত্রার খুঁটিনাটি সম্পর্কে কোনও খোঁজখবর জোগাড় করা অসম্ভব।

কারণ : (খ) ব্যাঙ্কের আমানতে অর্থ না থাকায় নিউইয়র্কে থাকা সম্ভব হচ্ছিল না।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

a. কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল
b. কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়
c. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক
d. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক

iii) নাবিকদের কাছ থেকে তটবর্তী সমুদ্র আর বাহির সমুদ্র সম্পর্কে তিনি কী জেনেছিলেন ?

a. তটবর্তী সমুদ্র যতটা শান্ত, বাহির সমুদ্র ততটাই অশান্ত, উত্তাল।
b. তটবর্তী সমুদ্র যত উত্তাল ও অশান্ত, বাহির সমুদ্র ততটা নয়।
c. ডাঙার কাছে সমুদ্র যত উত্তাল ও অশান্ত, বাহির সমুদ্রও ঠিক তেমনই।
d. ডাঙার কাছে সমুদ্র অশান্ত বলে ভেলা ভাসানো সম্ভব নয়।

iv) ভেলায় করে কেউ কখনও গন্তব্যে পৌঁছেছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনেনি।– এই বাক্যটিকে সাধুভাষায় রূপান্তর করলে এর রূপ হবে---

a.ভেলায় করিয়া কেউ কখনও গন্তব্যে পৌঁছেছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনে নাই।

b.ভেলায় করিয়া কেহ কখনও গন্তব্যে পৌঁছাইয়াছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনে নাই।

c.ভেলায় করে কেহ কখনও গন্তব্যে পৌঁছেছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনে নাই।

d.ভেলায় করিয়া কেহ কখনও গন্তব্যে পৌঁছেছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিরও শোনা নাই।

B) এভারেস্ট জয় করতে লাগে মানুষের উদ্যম, বিজ্ঞানের সাহায্য আর আবহাওয়ার প্রসন্ন দৃষ্টি। প্রথমদুটিকে মানুষ আয়ত্তে আনলেও আবহাওয়ার মর্জি—দেবা ন জানন্তি। শুধু এটুকুই জানা, মে-র শেষ সপ্তাহ থেকে জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত সময়টুকুই স্বর্ণক্ষণ। এর মধ্যে না হলে এভারেস্টে ওঠার আর আশা নেই। এবারে এখনও বর্ষা শুরু হয়নি, আকাশ পরিষ্কার। পথের ধারে কখনও অর্কিডের বেগুনি মুখ কি সোনালি র‍্যাস্পবেরি হঠাৎ দেখা দেয়, কোথাও রডোডেন্ড্রনের সমারোহ- যেন বাহারি কার্পেটের উপর কত যে রঙের টানাপোড়েন। পথ কখনও কখনও উঠে গেছে খাড়া। বাঁ-ধারে নগাধিরাজ—সহস্রশীর্ষ, সমুন্নত। চোখের সীমানায় বন্দি, কিন্তু হাত বাড়াও নাগাল পাবে না। পাবে, তবে সহজে নয়। কৃতিত্বের মূল্য ভিন্ন তাকে আয়ত্তে আনবে কী দিয়ে? পার্বত্য নদী ছুটে চলেছে চপলা মেয়ের মতো পাথর থেকে পাথরে ঝাঁপ দিতে দিতে। ক্বচিৎ বিপরীতদিক থেকে কোনও পর্বতবাসীর দল পাশ কাটিয়ে চলে যাচ্ছে নীরবে। পিঠে-বোঝা মানুষগুলি আসছে হয়তো নামচেবাজার কিম্বা আরও দূর তিব্বতের কোনও অংশ থেকে। অভিযাত্রীদের অনেকটা সুবিধা হয়েছে বর্ষা না নামাতে, তবে ফিরতিপথে বর্ষা নামবেই, পথ পিচ্ছিল হওয়ার সমস্যা ছাড়াও আরও এক সর্বনাশা উৎপাত দেখা দেবে। লক্ষ কোটি রক্তচোষা জোঁক লুকিয়ে থাকবে ঘাসে, আগাছার পাতায়, গাছের ডালে—লোক পেলেই লাফিয়ে পড়বে ঘাড়ে, মাথায়, আটকে যাবে পায়ে।

i) এভারেস্ট অভিযানের উৎকৃষ্ট সময় কোন্‌টি ?

a. জুন মাসের শেষ সপ্তাহ থেকে জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত।
b.মে-র প্রথম সপ্তাহ থেকে জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত সময়টুকুই।
c.মে-র শেষ সপ্তাহ থেকে জুনের প্রথম সপ্তাহের মধ্যবর্তী সময়কাল ।
d.মে মাস থেকে জুন মাসের মাঝামাঝি সময়কাল ।

ii) মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?
মন্তব্য (ক) : সুউচ্চ হিমালয়কে জয় করা কঠিন হলেও অসম্ভব নয়, তবে তা আয়ত্ত করতে প্রয়োজন কঠিন শ্রম ও সাফল্য।

মন্তব্য (খ) : আবহাওয়ার অস্থির গতিপ্রকৃতি, দুর্গম পথের বাধার কারণে সুউচ্চ হিমালয়কে সহজে জয় করা সম্ভব নয়।

a.মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

b. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক

c. মন্তব্য (ক) এবং (খ) দুটিই সঠিক

d.) মন্তব্য (ক) এবং (খ) দুটিই ভুল

iii) ‘দেবা ন জানন্তি’ কথাটি কোন্ বিষয় সম্পর্কে প্রদত্ত অনুচ্ছেদে ব্যবহৃত ?

a. এভারেস্ট অভিযানের সাফল্য।
b. বর্ষায় পার্বত্য পথে জোঁকের উপস্থিতি।
c. আবহাওয়ার বিচিত্র গতিপ্রকৃতি।
d. চপলা মেয়ের মতো যেন পার্বত্য নদীর ছুটে চলা।

iv) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বের করো যার বিপরীতার্থক শব্দ ‘সুগম’ ।

a. সুবিধা
b. উৎপাত
c. উদ্যম
d. দুর্গম

C) ভারী গর্ব হচ্ছিল চারণের এই প্রাচীন ঐতিহ্যের দেশে, রামায়ণ, মহাভারতের দেশে জন্মেছে বলে। তার মনে হয়, নিজের দেশকেই যে ভাল করে চেনেনি, জানেনি তার পক্ষেই বিদেশের প্রশস্তিতে মূর্খের মতো পঞ্চমুখ হওয়া সম্ভব। কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন। চারণ গাড়ি করে উঁচু শৃঙ্গে ওঠার পরও আরো তিনশো ষাটটি সিঁড়ি ভেঙে যখন এই মন্দিরের চাতালে এসে পৌঁছেছিল , তখন সিঁড়িতে তার পদশব্দ পেয়ে পুরোহিত নিজেই এসে দাঁড়িয়েছিলেন। চারণ তাঁকে নমস্কার করে বলেছিল, আমি কিন্তু এখানে পুজো দিতে আসিনি।

অবাক হলেন কুঁবারসিংজি, বংশানুক্রমে যিনি এই মন্দিরের পুরোহিত। গাড়োয়ালের রাজা যাঁর পূর্বপুরুষকে উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়ার পীঠের পূজারী করেছিলেন। পুরোহিত ভাবলেন চারণ নাস্তিক। বললেন, অজীব আদমী তো আপনি, তবে এলেন কেন ? কুঁবারসিংজির ‘তবে’র উত্তরে তাঁকে একটি পঞ্চাশটাকার নোট দিয়ে চারণ বলেছিল, পুজো আপনি দিন, আমি ভিতরে ঢুকবো না। আমি এসেছি এই মন্দির দেখতে। যেকোনও মন্দিরের চাতালে এলেই আমার মনে এক ধরণের শান্তি আসে, ভালো লাগে। শান্তি থাকে আপনার বুকের মধ্যেই, কোনও মন্দির, মসজিদ, গীর্জেতে নয় বাবুজি। তবে সেই শান্তি হয়তো ভ্রমরের মতো কৌটোতে

বন্ধ থাকে—এমন একটি জায়গাতে এলে সেই কৌটোর ঢাকনি আপনি খুলে যায়। পুরোহিতের এই কথাগুলি বড়ো ভালো লাগল চারণের।

i. বিদেশের প্রশস্তিতে পঞ্চমুখ হওয়ার মূর্খামি কারা করে ?

a.যারা স্বদেশের থেকে বিদেশকে বেশি ভালোবাসে।

b.যারা আজীবন বিদেশে থাকে।

c.স্বদেশ যাদের কাছে অজানা, অচেনা রয়ে গেছে।

d. স্বদেশকে যারা ভালোভাবে দেখলেও স্বদেশ যাদের কাছে অচেনা রয়ে গেছে।

ii. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

মন্তব্য (ক) : কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন তার কারণ, দীর্ঘ পথ পেরিয়ে এই মন্দিরে আসা সত্ত্বেও সে দেবতার পুজো দিতে অনিচ্ছা প্রকাশ করেছিল।

মন্তব্য (খ) : কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন তার কারণ, উত্তুঙ্গ শৈল-শিখরে অবস্থিত মহামায়ার এই মন্দিরে সে একাই দেবতার পুজো দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছিল।

a. মন্তব্য (ক) সঠিক হলেও মন্তব্য (খ) ভুল
b. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক
c. মন্তব্য (ক) এবং (খ) দুটিই গ্রহণযোগ্য
d. মন্তব্য (ক) এবং (খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়

iii. কুঁবারসিংজি কীভাবে এই মন্দিরে পূজারীর দায়িত্ব পেয়েছিলেন ?

a. তিনি একজন নামকরা পূজারী ছিলেন বলে তাঁকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।
b. ওই অঞ্চলে তাঁর মতো শাস্ত্রজ্ঞ পুরোহিত আর কেউ ছিল না বলে তাঁকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।
c. গাড়োয়ালরাজ তাঁর পূর্বপুরুষকে এই মন্দিরের পূজার ভার দিয়েছিলেন তাই বংশানুক্রমিকভাবে তিনি সেই দায়িত্ব পালন করছেন।
d. গাড়োয়ালরাজ তাঁকে উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়ার পীঠের পূজারী করেছিলেন।

iv. ‘পুরোহিত’ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে ---

a. পুরো + হিত

b. পুর + হিত
c. পুরঃ + অহিত
d. পুরঃ + হিত

**Section – B: Grammar : (MCQ)**

<u>2. ব্যাকরণ</u> থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো : (যেকোনো **তিনটি** ) [1X3=3]

i. তিনি মনস্থির করেছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাবেন।– বাক্যটিকে সাধুভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে--

a. তিনি মনস্থির করিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাবেন।
b. তিনি মনস্থির করিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাইবেন।
c. তিনি মনস্থির করিয়া ফেলিয়াছেন,আজ সন্ধ্যায় কাবুলে পৌঁছাইবেন।
d. তিনি মনস্থির করেছেন, আজ সন্ধ্যার মধ্যেই হউক কাবুলে পৌঁছাইবেন।

ii. শরৎ আচ্ছন্নের মতো বলিলেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হইয়াছে। —চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে ?

a. শরৎ আচ্ছন্নের মতো বললেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হইয়াছে।
b. শরৎ আচ্ছন্নের মতো বলিলেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হয়েছে।
c. শরৎ আচ্ছন্নের মতো বললেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হয়েছে।
d. শরৎ আচ্ছন্নের মতো বলে গেলেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হয়েছে।

iii. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসিয়ে আমার চারদিকে গণ্ডি কেটে দিত।– সাধুরীতিতে বাক্যটির রূপ হবে –

a. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারদিকে গণ্ডি কেটে দিত।

b. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারদিকে গণ্ডি কাটাইয়া দিত।
c. সে আমাদিগকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমাদের চারিদিকে গণ্ডি কাটিয়া দিত।
d. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে গণ্ডি কাটিয়া দিত।

iv. খাঁচাটির উন্নতি হইলেও পাখির খবর কেহ রাখে না – বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে ---

a. খাঁচাটির উন্নতি হলেও পাখির খবর কেহ রাখে না।
b. খাঁচাটির উন্নতি হলেও পাখির খবর কেউ রাখে না।
c. খাঁচাটির উন্নতি হইল তবুও পাখির খবর কেহ রাখে না।
d. খাঁচাটির উন্নতি হইলেও পাখির খবর কেউ রাখে না।

v.– 'জুতো খুলে চলুন মেহেরবানি করে' -- সাধুরীতিতে বাক্যটির রূপ কী হবে ?

a. 'জুতা খুলিয়া চলুন মেহেরবানি করে'।
b. 'জুতা খুলিয়া চলুন মেহেরবানি করিয়া'।
c. 'জুতো খুলে চলুন মেহেরবানি করিয়া'।
d. 'জুতা রাখিয়া চলুন মেহেরবানি করে'।

**Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text : ( MCQ)**

3. পাঠ্য **<u>গদ্য</u>** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো : (যেকোনো **ছ'টি**) [1X6=6]

i. আমি খানিকক্ষণ দাঁড়িয়ে রইলাম অবাক হয়ে'—বক্তা অবাক হয়ে দাঁড়িয়ে ছিলেন কারণ—

a. তিনি আলোবাবুকে পাখির ছানার শুশ্রূষার জন্য নিজের সর্বস্ব দিয়ে দিতে দেখেছিলেন।
b. ঘড়িটি বার করে চোখ বুজে পুজো করার মত দম দিতে দেখেছিলেন।
c. হ্যাট বাজিয়ে গলা ছেড়ে আলোবাবুকে গান গাইতে দেখেছিলেন।

d. আলোবাবু যখন সজল চোখে জানিয়েছিলেন তাঁর ঘড়িটি চুরি গিয়েছে।

ii. নতুন জামা কেনার দাবি পূরণের জন্য অমৃত কোথায় গিয়ে লুকিয়েছিল ?

a. ইসাবদের বাড়িতে।
b. ইসাবের বাবার গোয়ালঘরে।
c. ইসাবদের ক্ষেতে।
d. বাড়ির বাইরে শান বাঁধানো ফুটপাথের এক কোণে।

iii. 'গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের'--- কখন তপনের গায়ে কাঁটা দিয়ে উঠেছিল ?

a. তিনতলার সিঁড়িতে বসে একটা আস্ত গল্প লিখে সেটা পড়ার পর।
b. ছোটোমাসি ও মেসোকে সন্ধ্যাতারা পত্রিকার একটা সংখ্যা নিয়ে বাড়িতে আসতে দেখে।
c. সন্ধ্যাতারা পত্রিকার সূচিপত্রে ছাপার অক্ষরে নিজের নাম ও তার লেখা গল্পটি দেখে।
d. লেখক ছোটোমেসো যখন তার লেখা গল্পের তারিফ করে বলেছিলেন,'ওর হবে'—তখন।

iv. কার্য : হরিদার উনানে আগুনের আঁচে কথক ও তার বন্ধুদের জন্য শুধু জল ফোটে--

কারণ (ক) : চায়ের বাকি জিনিসপত্র কথকেরা নিজেই নিয়ে আসেন

কারণ (খ) : প্রতিদিন ভাত ফোটাবার মতো আর্থিক সঙ্গতি হরিদার নেই ।

কার্য-কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

a. কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল
b. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক
c. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক
d. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল

v. অবিনাশবাবুর বাড়ি থেকে বিতাড়িত হওয়ার পর আলোবাবু কোথায় আশ্রয় পেয়েছিলেন ?

a. হাসপাতালে
b. পাগলাগারদে

c. দূর-সম্পর্কের ভাগনীর বন্ধুর শ্বশুরবাড়িতে
d. কথকের বাড়িতে

vi. ‘তপন বিহ্বল দৃষ্টিতে তাকায়’ ---- কখন ?

a. সকলে যখন তার গল্প পড়ে তাকে বাহবা দেয়।
b. ব্যতিক্রমী গল্প বলে ছোটোমেসো যখন প্রশংসা করেন।
c. সন্ধ্যাতারা পত্রিকায় যখন গল্পটি প্রকাশিত হয়।
d. মেজোকাকু যখন ব্যঙ্গ করেন।

vii. ইসাবের জামা ছিঁড়ে যাওয়ার কারণ হিসেবে অমৃতের মা ছেলেকে কী বুঝিয়েছিলেন?

a. মারামারিতে ইসাবের জামা ছিঁড়ে গেছে।
b. ক্ষেতে কাজ করতে হয় বলে ইসাবের জামা ছিঁড়ে গেছে।
c. ইসাবের জামাটা অনেক দিনের পুরানো বলে ছিঁড়ে গেছে।
d. ইসাব ইচ্ছা করেই জামা ছিঁড়ে ফেলেছে।

viii. মন্তব্য : বিরাগী বললেন - ঠাণ্ডা জল চাই, আর কিছু চাই না।

কারণ (ক) : জগদীশবাবু কীভাবে তাঁর সেবা করবেন, জানতে চেয়েছিলেন ।

কারণ (খ) : পার্থিব কোনও বস্তুর প্রতি তাঁর কোনও মোহ ছিল না।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল চিহ্নিত করো ।

a. কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল
b. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক
c. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক
d. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল

4. **গল্পগুচ্ছ (পাঠ্যসংস্করণ)** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো : (যেকোনো **চার<u>টি</u>**) [1X4=4]

i. মিনিকে প্রথম দেখার পর কাবুলিওয়ালা তার ঝোলা থেকে তাকে কী উপহার দিয়েছিল ?

a. খেলনা
b. কিশমিশ ও কাজু

c. কিশমিশ ও খোবানি
d. আখরোট ও কিশমিশ

ii. মন্তব্য : বড়োগিন্নি ব্রজসুন্দরীর সেটা কিছু অসহ্য বোধ হইত।

কারণ (ক) : শশিভূষণ অনেক সময়ই স্ত্রীর অনুরোধ অপেক্ষা রাধামুকুন্দের পরামর্শের উপর বেশি নির্ভরশীল ছিলেন।

কারণ (খ) : জমিদারি পরগনা নিলাম হলে শশিভূষণ স্ত্রীর গহনা বন্ধক দেবার কথা বলেছিলেন।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল চিহ্নিত করো ।

a. কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল
b. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক
c. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক
d. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল

iii. পোস্টমাস্টার যখন পড়াশোনা শেখাবেন বলে রতনকে ডেকে পাঠালেন তখন সে কী করছিল?

a. হেঁশেলে রান্না করছিল।
b. পেয়ারাতলায় ঘুরে ঘুরে কাঁচা পেয়ারা কুড়াচ্ছিল।
c. পেয়ারাতলায় পা ছড়িয়ে বসে কাঁচা পেয়ারা খাচ্ছিল।
d. পোস্টমাস্টারের ঘর পরিষ্কার করছিল।

iv. 'আমারই দোষ' – এই কথাটি কে বলেছিল ?

a. রাধামুকুন্দ
b. শশিভূষণ
c. রাসমণি
d. ব্রজসুন্দরী

v. কোন্ অপরাধে রহমতের কয়েকবছর কারাদণ্ড হয়েছিল ?

a. কথকের প্রতিবেশীর সঙ্গে বিনা কারণে রহমতের বচসা বাধায়।
b. কথকের প্রতিবেশীকে ছুরি দিয়ে আঘাত করার জন্য।
c. পাহারাওয়ালাদের সঙ্গে অহেতুক মারামারি করার জন্য।

d. বে-আইনি কাজকর্ম করার অপরাধে।

vi. পোস্টমাস্টার গ্রাম ছেড়ে চিরকালের মতো চলে যাবে শুনে রতন তার কোন্ ইচ্ছার কথা জানিয়েছিল?

a. তার জায়গায় যিনি আসবেন তিনিও যেন রতনকে কাজে বহাল করেন।
b. রতনও একবার কলকাতায় বেড়াতে যেতে চায়।
c. তাকে সঙ্গে করে পোস্টমাস্টারের বাড়ি নিয়ে যাবার কথা।
d. পোস্টমাস্টার চলে গেলেও যেন রতনের পড়াশোনা বন্ধ না হয়- সেই কথা।

**PART – B : (Descriptive Type Questions)** **55** Marks

**Section – B: Grammar : ( Subjective)**

5. A. সন্ধি বিচ্ছেদ করো অথবা সন্ধিবদ্ধ করো ( যেকোনো **তিনটি**) (1X3)

ততোধিক, বাব্ ভাই, সন্ধি, নিরবধি , উচ্চকিত

B. সন্ধিবদ্ধ পদটি লেখ – (যেকোনো **দু'টি**) (1X2)

নি +রজ, তদ্ +পরতা , কিম্ + কর , কোথা + থেকে

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো (যেকোনো **পাঁচটি**) (1X5)

A. সেই উপদ্বীপে অগুণতি মানুষের বাস।
B. সকলেই শশব্যস্ত হইয়া যেন কোন দিকে ছুটিতেছে।
C. আমরা করব জয়, নিশ্চয়!
D. পুলিশের ধরপাকড় শুরু হলে রাস্তায় জনতা ছত্রভঙ্গ হল।
E. উথলে ওঠে দিলদরিয়া কোন্ সে চাঁদের টানে।
F. উৎকৃষ্ট কিছু শেখার উপযুক্ত সময় ছাত্রজীবন।
G. দুর্ভিক্ষের সময় গ্রামের প্রকৃত রূপ স্পষ্ট হয়েছে ।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির রূপান্তর করো (যে কোনো **পাঁচটি**) (1X5)

A. কাজ করো অনুরূপ ফল পাবে। ( জটিল বাক্য)

B. সে সন্ধান জানিলে, না লইয়া পলাইতো না। ( যৌগিক বাক্য)

C. যখন এই পরিচিত স্পর্শ পায় তখন প্রাণীটি চঞ্চল হয়ে ওঠে। (সরল বাক্য)

D. “সেই সত্য যা রচিবে তুমি”। (সরল বাক্য)

E. "ফাঁসির মঞ্চ হলো মালঞ্চ। " (জটিল বাক্য)

F. ছেলেটি একথা তখন বলিলেও এখন অস্বীকার করিল। ( যৌগিক বাক্য)

G. ভালো ছবির জন্য ভালো ক্যামেরা লাগে না মন ও চোখের সংযোগ লাগে।

( জটিল বাক্য)

**Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text :**

8. ছোটো মেসোকে দেখে উৎসাহিত হয়ে তপন যে গল্পটি লিখেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। (2)

9. সেটা এমনই সহজ মানুষেই লিখতে পারে।"

-- লেখক হওয়ার এই সহজ পথ যেমন তপনের কাছে উদ্ঘাটিত হয় তেমনি যে কঠিন বাস্তব তপনের জ্ঞানচক্ষু উন্মোচিত করে তা গল্প অনুসারে ব্যাখ্যা কর। (3)

**OR**

" টপ টপ করে তার চোখ দিয়ে জল গড়িয়ে পড়ল কয়েক ফোঁটা"

--- উদ্দিষ্ট ব্যক্তির চোখের জল তার চরিত্রকে যেমন আমাদের সামনে তুলে ধরে তেমনি তার জীবনের পরিণতিকেও স্পষ্ট করে - বিশ্লেষণ করো।

10. হরিদার "উনানের হাঁড়িতে অনেক সময় শুধু জল ফোটে ভাত ফোটে না"-

-- বহুরূপী হরিদার সংক্ষিপ্ত পরিচয় দাও। তার জীবনদৃষ্টি কীভাবে তার ভবিতব্য কে নিয়ন্ত্রিত করেছে তা উল্লেখ করো। (2+3)

**OR**

"কী খাঁটি কথা! অমৃতের জবাব আমাকে বদলে দিয়েছে। ও আমাকে শিখিয়েছে 'খাঁটি' জিনিস কাকে বলে।"

-- 'খাঁটি জিনিস' বলতে বক্তা কী বুঝিয়েছেন? এই খাঁটি জিনিসের সন্ধান গল্পের মূল পরিণতি সৃষ্টিতে কীভাবে সাহায্য করেছে বুঝিয়ে দাও।

11 . সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো - ( 5X1)

" আমার শুধু একটা কোকিল

গান বাঁধবে সহস্র উপায়ে "

**OR**

" কিছুই কোথাও যদি নেই

তবু তো কজন আছি বাকি

আয় আরো হাতে হাত রেখে

আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

12. 'তিন পাহাড়ের কোলে 'কবিতায় পরিবেশ কীভাবে প্রকৃতির প্রতি আকর্ষণকে নিবিড় করেছে? কবিতাটি শুধুই কি প্রকৃতির বর্ণনা নাকি তা অন্য কোন কিছুর ইঙ্গিত বহন করে বুঝিয়ে দাও। (2+3)

**OR**

একাকারে কবিতায় 'পানি ', 'জল ', 'মা ' 'আম্মা' ইত্যাদি শব্দ কবিতার বিষয়বস্তু নির্ধারণে সাহায্য করেছে - বর্ণনা করো। কবিতার নামকরণ সেই দিক থেকে কতটা যথাযথ বলে তুমি মনে করো।

13.'এমন সময় একটি গুরুতর ঘটনা ঘটিল'----

'গুরুতর' ঘটনাটি কী ? সমস্যা সমাধানের জন্য কে কী করেছিলেন গল্প অনুসরণে লেখো। (2+3)

14. 'জলের মাছকে ডাঙায় তুলিলে যেরকম হয় এই গণ্ডগ্রামের মধ্যে আসিয়া পোস্টমাস্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে'---

পোস্টমাস্টারকে কোন্ গ্রামে কেন আসতে হয়েছিল? 'সেই দশা উপস্থিত হইয়াছে' – বলতে কী বোঝানো হয়েছে ? (2+3)

**OR**

'বহু যত্নে ভাঁজ খুলিয়া দুই হস্তে আমার টেবিলের উপর মেলিয়া দিল'---

গল্পকথকের টেবিলের উপরে কে কী মেলে ধরেছিল? পিতার স্নেহ যে সব দেশে সব কালে জাতি,ধর্ম,ভাষার বহু ঊর্ধ্বে, পাঠ্য গল্পের পরিপ্রেক্ষিতে তা কতদূর সত্য বলে তোমার মনে হয় ? (2+3)

## Section – D :  Creative Writing

15. নিম্নলিখিত যেকোনো **<u>একটি</u>** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো : -- (5)

A. বাংলা সাহিত্যে তোমার পছন্দের চরিত্র
B. শহরের কোলাহল থেকে দূরে প্রকৃতির নিবিড় সান্নিধ্যে কয়েকটি দিন
C. পরিবেশ সংরক্ষণের গুরুত্ব বুঝতে হবে আজই

16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে <u>পত্ররচনা</u> করো : – [1x5=5]

বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষাব্যবস্থায় যোগ্য নাগরিকত্বের শিক্ষাও যেন অন্তর্ভুক্ত থাকে এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।

**OR**

সাম্প্রতিক কালে শিশুদের মধ্যে নতুন একটি ভাইরাসের সংক্রমণ চিন্তা বাড়িয়েছে সকলের—সংক্রমণ এড়াতে অভিভাবকদের উচিত চিকিৎসকদের পরামর্শ মেনে শিশুদের জন্য উপযুক্ত স্বাস্থ্যবিধি অনুসরণ - একজন সচেতন নাগরিক হিসেবে এ বিষয়ে তোমার মতামত প্রকাশ করে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।

---